

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২১-আইন/২০১৫/৭৪০-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা S০৭০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৭০	S০৭০.১০	বেসরকারী বিশ্ববিদ্যালয়	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%
	S০৭০.২০	বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ।	৭.৫%”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ নজিবুর রহমান )  
চেয়ারম্যান